# রেলের গ্রুপ ডি পরীক্ষা প্রস্তুতি

পরীক্ষা প্রস্তুতি

ভারতীয় রেলের কলকাতা, গুয়াহাটি, পাটনা ও রাঁচি সহ বিভিন্ন কারখানা/ইউনিটে ৬২,৯০৭ জন গ্রুপ ডি কর্মী নিয়োগ করা হবে। যাঁরা আবেদন করেছেন, সবার প্রস্তুতির সুবিধার জন্য এই ধারাবাহিক প্র্যাক্টিস সেট।

কম্পিউটার ভিত্তিক পরীক্ষা, শারীরিক সক্ষমতার পরীক্ষা ও কাগজপত্র যাচাই ও ডাক্তারি পরীক্ষার মাধ্যমে প্রার্থী বাছাই করা হবে। কম্পিউটার ভিত্তিক পরীক্ষায় ১০০টি প্রশ্ন থাকবে ম্যাথমেটিক্স, জেনারেল ইন্টেলিজেন্স অ্যান্ড রিজনিং, জেনারেল সায়েন্স, জেনারেল অ্যাওয়্যারনেস (কারেন্ট অ্যাফেয়ার্স- সায়েন্স অ্যান্ড টেকনোলজি, স্পোর্টস, কালচার, পার্সোন্যালিটি, ইকোনমিক্স, পলিটিক্স এবং অন্যান্য যে-কোনো জরুরি বিষয়)– এসবের ওপর। সময় ৯০ মিনিট। নেগেটিভ মার্কিং থাকবে, প্রতি ৩টি ভুলের জন্য ১ নম্বর করে কাটা যাবে। কম্পিউটার ভিত্তিক পরীক্ষার সম্ভাব্য সময় এপ্রিল ও মে ২০১৮।

**1. সবুজ পতাকার উপর লাল আলো ফেললে সেটি কোন রঙের দেখাবে?**
(a) হলুদ (b) লাল (c) কালো (d) খয়েরি

**2. সম্প্রতি কে বয়োটেকনোলজি দপ্তরের সেক্রেটারির দায়িত্ব পান?**
(a) বিজয় রাঘবান (b) মিলান্দ কুমার (c) রেনু স্বরূপ (d) আশুতোষ শর্মা

**3. সম্প্রতি কোন টেলিফোন কোম্পানি নিজেদের দেউলিয়া ঘোষণা করে?**
(a) এয়ারটেল (b) এয়ারসেল (c) ভোডাফোন (d) রিলায়েন্স

**4. 'উমঙ্গ অ্যাপ' কতগুলি সরকারি পরিষেবাকে এক ছাদের তলায় নিয়ে আসবে?**
(a) ১৬০টি (b) ১৬১টি (c) ১৬২টি (d) কোনোটি সঠিক নয়

**5. আইবিএসফ স্নুকার টিম বিশ্বকাপ ২০১৮ রানার্স আপ হল কোন দেশ?**
(a) পাকিস্তান (b) ভারত (c) আফগানিস্তান (d) জাপান

**6. সম্প্রতি টেনিসের কোন টুর্নামেন্টকে ওয়ার্ল্ড কাপ অব টেনিস বলে ঘোষণা করা হল?**
(a) ডেভিস কাপ (b) গ্র্যান্ড স্ল্যাম (c) হপম্যান কাপ (d) কোনোটি সঠিক নয়

**7. একটি মিথোজীবী নাইট্রোজেন বহনকারী জীব হল–**
(a) রাইবোজিয়াম (b) ব্যাকটেরিয়া (c) ভাইরাস (d) এর সবকটিই

**8. 45 লিটার ফিনাইল গোলা জলে ফিনাইল ও জলের অনুপাত 2 : 23; ওই ফিনাইল গোলা জলে আর কত লিটার জল মিশালে ফিনাইল ও জলের অনুপাত 3 : 37 হবে?**
(a) 1 লিটার (b) 3 লিটার (c) 2 লিটার (d) 4 লিটার

**9. ভারতীয় রেলের সদর দপ্তর কোথায় অবস্থিত?**
(a) জয়পুর (b) দিল্লি (c) পাটনা (d) কলকাতা

**10. ভারতের কোন রাজ্যে বিশ্বের সবথেকে বড় সোলার পার্ক রয়েছে?**
(a) গুজরাট (b) মহারাষ্ট্র (c) পাঞ্জাব (d) রাজস্থান

**11. প্রেস কাউন্সিল অব ইন্ডিয়ার নতুন সেক্রেটারির পদ কে পান?**
(a) বিভ ভারগাভা (b) জগদীশ মুখী (c) অনুপমা ভাটনাগর
(d) কে এস সারস্বত

**12. নিম্নলিখিত কোনটি জীবাশ্মজাত জ্বালানি নয়?**
(a) কয়লা (b) পেট্রোলিয়াম (c) কাঠ (d) ডিজেল

**13. ২০১৮ ন্যাশনাল সেফ মাদারহুডের (NSM) থিম কী?**
(a) Safe Motherhood (b) Care for Child (c) Aware for Safe Motherhood (d) Respectful Maternity Care

**14. ২০১৮ সালে দক্ষিণ এশিয়াতে আন্তর্জাতিক মানবাধিকার সম্মেলন কোন দেশে অনুষ্ঠিত হয়?**
(a) ভারত (b) নেপাল (c) দক্ষিণ কোরিয়া (d) চিন

**15. 'মডার্ন পিরিওডিক টেবল'-এর প্রথম উপাদান কী?**
(a) হিলিয়াম (b) লিথিয়াম (c) হাইড্রোজেন (d) অক্সিজেন

**16. কাপড় কাঁচার সোডার রাসায়নিক নাম–**
(a) ক্যালশিয়াম কার্বোনেট (b) ক্যালশিয়াম বাই কার্বোনেট (c) সোডিয়াম কার্বোনেট (d) সোডিয়াম বাই কার্বোনেট

**17. প্রথম বৈদ্যুতিক ট্রেন কত সালে চালু হয়?**
(a) ১৯২৫ সালে (b) ১৯৩০ সালে (c) ১৯৩৫ সালে (d) কোনোটি সঠিক নয়

**18. সম্প্রতি নেপালের রাষ্ট্রপতির দায়িত্ব কে পান?**
(a) বিদ্যা দেবী ভাণ্ডারী (b) কুমারী লক্ষ্মী রাই (c) রাম বরণ যাদব
(d) ভীমসেন থাপা

**19.** 'The Travelling Belly: Eating Through India's By-Lanes' বইটি কার লেখা?
(a) মান্দার সুকতানকার (b) কল্যাণ কর্মকার (c) অনোথি বিশাল
(d) কোনোটি সঠিক নয়

**20. টুইস্টারের অন্য নাম কী?**
(a) ভূমিকম্প (b) টর্নেডো (c) বাতাস (d) বন্যা

**21. সম্প্রতি কোন সঙ্গীতশিল্পী সিকিমের ব্র্যান্ড অ্যাম্বাসাডর নিযুক্ত হন?**
(a) এ আর রহমান (b) অনু মল্লিক (c) বাপী লাহিড়ি (d) বিশাল ভারদ্বাজ

**22. সম্প্রতি কোন পুলিশ স্টেশন দেশের সেরা পুলিশ স্টেশনের সম্মান পায়?**
(a) কলকাতার হাওড়া স্টেশন (b) কোয়েম্বাটোরের আর কে পুরম
(c) চেন্নাই সেন্ট্রাল (d) কোনোটি সঠিক নয়

**23. কোন রাজ্য সরকার চাকরির জন্য 'মেরা হুনার' নামের মোবাইল অ্যাপ চালু করেছে?**
(a) অন্ধ্রপ্রদেশ (b) অসম (c) হিমাচল প্রদেশ (d) কেরালা

**24. বিশ্ব হিন্দি দিবস কবে পালন করা হয়?**
(a) জানুয়ারি ১০ (b) জানুয়ারি ১১ (c) জানুয়ারি ১২ (d) জানুয়ারি ৯

**25. শ্যাম কুমার কোন খেলার সঙ্গে যুক্ত?**
(a) চেস (b) বক্সিং (c) স্প্রিন্ট (d) রেসলিং

**26. নিচের কোনটি নিরক্ষীয় সাইক্লোনের নাম নয়?**
(a) উইলি-উইলি (b) ইটাই-ইটাই (c) হারিকেন (d) টাইফুন

**27. তিনটি নল দ্বারা একটি ট্যাঙ্ক যথাক্রমে 6 মি, 8 মি ও 12 মিনিটে পূর্ণ হতে পারে। তিনটি নলই একসঙ্গে খুলে দিলে, ট্যাঙ্কটি কত মিনিটে পূর্ণ হবে?**
(a) $2\frac{2}{3}$ মিনিটে (b) $2\frac{1}{3}$ মিনিটে (c) $2\frac{3}{4}$ মিনিটে (d) $5\frac{2}{3}$ মিনিটে

**28. ২০১৭ সালে ৬৪ তম জাতীয় পুরস্কারে কোন চলচ্চিত্র সেরা শিশু চলচ্চিত্র হিসেবে পুরস্কার পায়?**
(a) জলদ্বীপ (b) ধনক (c) আব্রাহাম (d) কোনোটি সঠিক নয়

**29. কোন রোগের চিকিৎসায় ডায়ালিসিস করানো হয়?**
(a) বৃক্কের অক্ষমতা (কিডনি ফেলিওর) (b) হৃৎপিণ্ডের দুর্বলতা
(c) মস্তিষ্কের অসুখ (d) এর মধ্যে কোনোটিই নয়

**30. ভারতীয় ক্রিকেট দলের অধিনায়ক বিরাট কোহলি ও দক্ষিণ আফ্রিকা দলের অধিনায়ক ফাফ ডুপ্লেসিস কোন শহরের জলকষ্ট দূর করতে ৫.৫ লাখ টাকা দান করেন?**
(a) নামিবিয়া (b) কেপটাউন (c) জিম্বোবোয়ে (d) কোনোটি সঠিক নয়

**31. সম্প্রতি সজল পাইলট প্রজেক্ট (Swajal Yojana) কোথায় চালু হয়?**
(a) রাজস্থান (b) দিল্লি (c) মধ্যপ্রদেশ (d) পশ্চিমবঙ্গ

**32. আইসোটোপগুলি ভিন্ন করা হয় কিসের সাহায্যে?**
(a) স্ফটিকীকরণ (b) ঊর্ধ্বপাতন (c) পাতন (d) এর মধ্যে কোনোটি নয়

**33. দুধ থেকে দই তৈরির ব্যাপারে নিচের কোনটির ভূমিকা থাকে?**
(a) ভাইরাস (b) ব্যাকটেরিয়া (c) ছত্রাক (d) এর মধ্যে কোনোটিই নয়

**34. শ্রেয়স মেহতা কোন খেলার সঙ্গে যুক্ত?**
(a) স্কোয়াশ (b) টেবিল টেনিস (c) টেনিস (d) ব্যাডমিন্টন

**35. নট (Knot) কোনটির গতিবেগের একক?**

(a) আলোক তরঙ্গ (b) জাহাজ (c) শব্দ তরঙ্গ (d) উড়োজাহাজ

**36. ২০২২ কমনওয়েলথ গেমস কোথায় অনুষ্ঠিত হয়?**

(a) পুণে, মহারাষ্ট্র (b) ব্রিমিংহাম (ইংল্যান্ড) (c) দিল্লি

(d) কোনোটি সঠিক নয়

**37. ডাক্তারি পরিভাষায় রাতকানাকে কী বলা হয়ে থাকে?**

(a) নিকট্যালোপিয়া (b) লেপ্রসি (c) হানসেন (d) এর মধ্যে কোনোটিই নয়

**38. কোনো ব্যক্তির বাদামি চোখ, নীল চোখ বা কালো চোখ হবে কিনা তা নিচের কোন রঞ্জক পদার্থের ওপর নির্ভর করে?**

(a) চোখের মণি (b) কর্নিয়া (c) আইরিশ (d) করোয়েড

**39. কোন আইআইটি আর্কিটেকচার ছাত্রছাত্রীদের জন্য 'বাস্তুশাস্ত্র' -র ক্লাস শুরু করে?**

(a) আইআইটি খড়গপুর (b) আইআইটি বম্বে (c) আইআইটি মাদ্রাজ

(d) আইআইটি ইন্দোর

**40. ২০১৭ বিশ্ব হেরিটেজ দিবসের থিম কী ছিল?**

(a) World Heritage for Tourism (b) Cultural Heritage and Sustainable Tourism (c) The Heritage of Sport

(d) Cultural Heritage of Tourism

**41. মহারাষ্ট্রের কোথায় রাজ্যের প্রথম মেগা ফুড পার্ক তৈরি হয়?**

(a) সাতার জেলা (b) পুণে (c) মুম্বই (d) কোনোটি সঠিক নয়

**42. পরিবেশের বায়োটিক কম্পোনেন্ট হল**

(a) উদ্ভিদ ও প্রাণী (b) জল ও বায়ু (c) আলো ও তাপমাত্রা (d) ওজন ও আর্গন

**43. কোন আইআইটি ইনস্টিটিউট ভারতের প্রথম ৫জি রেডিও ল্যাবরেটরি ইন্সটল করে?**

(a) আইআইটি দিল্লি (b) আইআইটি মুম্বই (c) আইআইটি ইন্দোর

(d) আইআইটি রুরকী

**44. কোনো একটি সাংকেতিক ভাষায় যদি KNIFEকে MPKHG লেখা যায়, তবে ওই একই সাংকেতিক ভাষায় DTGCFকে কী লেখা যাবে?**

(a) EVHFI (b) FVIEH (c) HEIFV (d) IEHVF

**45. হাঁপানি : ফুসফুস : : কনজাংটিভাইটিস : ?**

(a) হাড় (b) দাঁত (c) চোখ (d) রক্ত

# ANSWERS

1. (c) 2. (c) 3. (b) 4. (c) 5. (a) 6. (a) 7. (a) 8. (b) **সমাধান:** ফিনাইল : জল = 2 : 23

∴ 45 লিটার ফিনাইল গোলা জলে,

ফিনাইলের পরিমাণ = $\frac{2}{25} \times 45 = \frac{18}{5}$ লিটার

জলের পরিমাণ = $\frac{23}{25} \times 45 = \frac{207}{5}$ লিটার

মনে করুন, আরও x লিটার জল মিশালে ফিনাইল 3 : 37 হবে।

$\therefore \frac{\frac{18}{5}}{\frac{207}{5}+x} = \frac{3}{37}$

বা, $\frac{18}{207+5x} = \frac{3}{37}$

বা, $\frac{6}{207+5x} = \frac{1}{37}$

বা, $207 + 5x = 222$

বা, $5x = 222 - 207 = 15$

$\therefore x = \frac{15}{5} = 3$

∴ 3 লিটার জল মেশাতে হবে।

9. (b) 10. (a) 11. (c) 12. (c) 13. (d) 14. (b) 15. (c) 16. (c) 17. (a) 18. (a) 19. (b) 20. (b) 21. (a) 22. (b) 23. (c) 24. (a) 25. (b) 26. (b) 27. (a) **সমাধান:** ১ম নল দ্বারা একটি ট্যাঙ্ক 6 মিনিটে পূর্ণ হয়।

অতএব, ১ম নল দ্বারা 1 মিনিটে ট্যাঙ্কটির $\frac{1}{6}$ অংশ পূর্ণ হয়।

আবার, ২য় নল দ্বারা ট্যাঙ্কটি 8 মিনিটে পূর্ণ হয়।

অতএব, ২য় নল দ্বারা 1 মিনিটে ট্যাঙ্কটির $\frac{1}{8}$ অংশ পূর্ণ হয়।

কিন্তু ৩য় নল দ্বারা ট্যাঙ্কটি 12 মিনিটে পূর্ণ হয়।

অতএব, ৩য় নল দ্বারা 1 মিনিটে ট্যাঙ্কটির $\frac{1}{12}$ অংশ পূর্ণ হয়।

এখন তিনটি নলই একসঙ্গে খোলা থাকলে 1 মিনিটে পূর্ণ হয় $\left(\frac{1}{6}+\frac{1}{8}+\frac{1}{12}\right)$

বা, $\frac{3}{8}$ অংশ পূর্ণ হয়।

অতএব, নল 3টি দ্বারা ট্যাঙ্কটির $\frac{3}{8}$ অংশ পূর্ণ হয় 1 মিনিটে।

অতএব, নল 3টি দ্বারা ট্যাঙ্কটির 1 অংশ পূর্ণ হয় $\frac{8}{3}$ মিনিটে = $2\frac{2}{3}$ মিনিটে।

28. (b) 29. (a) 30. (b) 31. (a) 32. (c) 33. (b) 34. (a) 35. (b) 36. (b) 37. (a) 38. (d) 39. (a) 40. (b) 41. (a) 42. (a) 43. (a) 44. (b) ব্যাখ্যা: KNIFE শব্দের প্রতিটি অক্ষরের ক্ষেত্রে পরবর্তী একটি অক্ষর বাদ দিয়ে দ্বিতীয়টি ব্যবহার করে MPKHG শব্দটি লেখা হয়েছে। অর্থাৎ K – L – <u>M</u> একইভাবে N – O – <u>P</u> ........ একই পদ্ধতিতে D – E – <u>F</u> … 45. (c) ব্যাখ্যা: হাঁপানি যেমন ফুসফুসের রোগ ঠিক তেমনই কনজাংটিভাইটিস চোখের রোগ।